# প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা, ২০১৭

## বাংলাদেশ ও বিশ্বপরিচয়

সময়– ২ ঘণ্টা ৩০ মিনিট; পূর্ণমান– ১০০

*[দ্রষ্টব্য : দক্ষিন পাশে উল্লিখিত সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক।]*

১। **সঠিক উত্তরটি উত্তরপত্রে লেখ :** ১ × ৫০ = ৫০

১. **মুজিবনগর সরকার গঠিত না হলে নিচের কোন সমস্যাটি হতো?**
(ক) যুদ্ধ দীর্ঘায়িত হতো
(খ) যুদ্ধ সঠিকভাবে পরিচালিত হতো না
(গ) ভারত থেকে সাহায্য পাওয়া যেত না
(ঘ) মুক্তিযোদ্ধাদের প্রশিক্ষণ দেওয়া সম্ভব হতো না

২. **সার্কের লোগোতে সাতটি গোলক আছে। এগুলো দ্বারা নিচের কোনটিকে বোঝানো হয়েছে?**
(ক) দেশ (খ) সাগর (গ) মহাদেশ (ঘ) মহাসাগর

৩. **পাহাড়পুরে খননকার্য চালানো হয়েছিল কেন?**
(ক) আর্থিক উন্নয়নের জন্য (খ) পুরাকীর্তি খোঁজার জন্য
(গ) জলাবদ্ধতা নিরসনের জন্য (ঘ) প্রাকৃতিক সৌন্দর্য বৃদ্ধির জন্য

৪. **ব্রিটিশদের 'ভাগ কর শাসন কর' নীতির ফলে এদেশের মানুষের মধ্যে কী সৃষ্টি হয়েছিল?**
(ক) জাতিগত বৈষম্য (খ) সামাজিক বৈষম্য
(গ) সাংস্কৃতিক বৈষম্য (ঘ) অর্থনৈতিক বৈষম্য

৫. **১৮৫৭ সালের সিপাহি বিদ্রোহের প্রধান ফল কী ছিল?**
(ক) সামাজিক পরিবর্তন (খ) সাংস্কৃতিক পরিবর্তন
(গ) অর্থনৈতিক পরিবর্তন (ঘ) রাজনৈতিক পরিবর্তন

৬. **১৯০৫ সালে বঙ্গভঙ্গের প্রধান কারণ কোনটি?**
(ক) প্রশাসনিক সুবিধা (খ) যোগাযোগ সুবিধা
(গ) ভৌগোলিক সুবিধা (ঘ) জাতীয় চেতনা বিনষ্ট করা

৭. **প্রাকৃতিক ভারসাম্য বিনষ্টের প্রধান কারণ কী?**
(ক) গাছ কাটা (খ) জলাভূমি ভরাট
(গ) পশুপাখি শিকার (ঘ) অতিরিক্ত জনসংখ্যা

৮. **শিশুদের বিদ্যালয় থেকে ঝরে পড়ার প্রধান কারণ কোনটি?**
(ক) সচেতনতার অভাব (খ) ভালো পরিবেশের অভাব
(গ) শিক্ষা উপকরণের অভাব (ঘ) বিদ্যালয়ে অমনোযোগিতা

৯. **বাংলাদেশের প্রধান সমস্যা কোনটি?**
(ক) খাদ্য (খ) বাসস্থান (গ) চিকিৎসা (ঘ) জনসংখ্যা

https://teachingbd24.com

১০. বিশুদ্ধ খাবার পানির তীব্র সংকট দেখা দেয় কোন সময়ে?
(ক) অনাবৃষ্টির সময় (খ) নদীভাঙনের সময়
(গ) ভূমিকম্পের সময় (ঘ) দীর্ঘস্থায়ী বন্যার সময়

১১. বিদ্যালয় পর্যায়ে শিক্ষার্থীদের বাংলাদেশের ইতিহাস বিষয়ক জ্ঞান বৃদ্ধির প্রধান উপায় কী?
(ক) চিত্র প্রদর্শনী (খ) দেওয়াল পত্রিকা (গ) আলোচনা সভা (ঘ) বইপড়া কর্মসূচি

১২. নবাব সিরাজ-উদ-দৌলা পলাশির যুদ্ধে পরাজিত হয়েছিলেন কেন?
(ক) সৈন্যদের অদক্ষতার জন্য (খ) প্রয়োজনীয় অস্ত্রের অভাবে
(গ) সঠিক যুদ্ধ কৌশলের অভাবে (ঘ) মীর জাফরের বিশ্বাসঘাতকতার জন্য

১৩. নিচের কোন জেলা অধিক খরাপ্রবণ?
(ক) রংপুর (খ) সিলেট (গ) বরিশাল (ঘ) টাঙ্গাইল

১৪. সিলেটে প্রচুর পরিমাণে চা হয় কারণ, ভূমি—
(ক) নিচু বলে (খ) পার্বত্য বলে (গ) সমতল বলে (ঘ) পাহাড়ি ঢালু বলে

১৫. জাতিসংঘের সর্বজনীন মানবাধিকার ঘোষণাপত্র প্রণয়নের প্রধান উদ্দেশ্য কোনটি?
(ক) সবার কল্যাণ (খ) রাষ্ট্রের কল্যাণ (গ) ব্যক্তির কল্যাণ (ঘ) সমাজের কল্যাণ

১৬. কোনটি রপ্তানির মাধ্যমে বাংলাদেশে প্রচুর বৈদেশিক মুদ্রা অর্জিত হয়?
(ক) কাগজ (খ) সিমেন্ট (গ) যন্ত্রপাতি (ঘ) শ্রমশক্তি

১৭. বিদেশিরা নিচের কোন সুবিধার জন্য বাংলাদেশে শিল্পকারখানা স্থাপনে আগ্রহী?
(ক) মূলধন (খ) মানবসম্পদ (গ) প্রাকৃতিক সম্পদ (ঘ) প্রয়োজনীয় কাঁচামাল

১৮. শিশু শ্রমিকরা সাধারণত নিচের কোন অধিকার থেকে বঞ্চিত হয়?
(ক) শিক্ষা (খ) চিকিৎসা (গ) অর্থনৈতিক (ঘ) রাজনৈতিক

১৯. নারীদের জন্য বেগম রোকেয়ার প্রধান অবদান কোনটি?
(ক) শিক্ষার প্রসার (খ) ঐক্যের প্রসার (গ) সংস্কৃতির প্রসার (ঘ) স্বাধীনতার প্রসার

২০. নিচের কোন কারণে অটিস্টিক শিশুরা ভীষণ উত্তেজিত হতে পারে?
(ক) মানসিক বিষণ্ণতা (খ) শারীরিক অসুস্থতা
(গ) ভালোবাসা না পাওয়া (ঘ) কাজের রুটিন বদল হওয়া

২১. সুষ্ঠু নির্বাচন অনুষ্ঠানে নাগরিকের প্রধান দায়িত্ব কোনটি?
(ক) নির্বাচনে প্রার্থী হওয়া (খ) নির্বাচনের ফলাফল মেনে নেওয়া
(গ) প্রিয় প্রার্থীর পক্ষে প্রচার চালানো (ঘ) নির্বাচনের আচরণবিধি মেনে চলা

২২. ছাত্র-ছাত্রীদের প্রধান কর্তব্য কোনটি?
(ক) শিক্ষা লাভ করা (খ) বয়স্কদের সম্মান করা
(গ) মানুষের উপকার করা (ঘ) রাষ্ট্রীয় সম্পদ রক্ষা করা

২৩. বেশি করে গাছ লাগানোর প্রধান উদ্দেশ্য কী?
(ক) বনভূমি রক্ষা করা (খ) মাটির ক্ষয়রোধ করা
(গ) পরিবেশের সৌন্দর্য বৃদ্ধি করা (ঘ) পরিবেশের ভারসাম্য রক্ষা করা

২৪. জাতিসংঘ প্রতিষ্ঠার প্রধান উদ্দেশ্য কী?
(ক) বিশ্ব শান্তি প্রতিষ্ঠা (খ) বিশ্ব বাণিজ্যের উন্নয়ন
(গ) শিক্ষা ও সংস্কৃতির উন্নয়ন (ঘ) জলবায়ুর পরিবর্তন মোকাবিলা

https://teachingbd24.com

২৫. তুমি বিদ্যালয়ে যাওয়ার পথে দেখলে তোমার প্রতিবেশী একটি পাখি ধরে নিয়ে যাচ্ছে। এক্ষেত্রে তুমি কী পরামর্শ দেবে?
(ক) রান্না করে খেতে বলব (খ) পাখির গুরুত্ব তুলে ধরব
(গ) খাঁচায় রেখে দিতে বলব (ঘ) বাজারে বিক্রি করতে বলব

২৬. তোমার বন্ধু নতুন নতুন যন্ত্রপাতি উদ্ভাবন করতে আগ্রহী। তার সম্ভাবনাকে কাজে লাগানোর জন্য তুমি তাকে কী প্রশিক্ষণ নিতে উৎসাহিত করবে?
(ক) কৃষি (খ) মৎস্য (গ) কারিগরি (ঘ) বৃত্তিমূলক

২৭. তুমি বেড়াতে যাওয়ার পথে গাড়িতে হেলপার হিসেবে তোমার বয়সি একজন ছেলেকে দেখতে পেলে। তখন তুমি কী করবে?
(ক) বাড়িতে নিয়ে যাব (খ) তাকে এড়িয়ে যাব
(গ) শিক্ষার গুরুত্ব বোঝাব (ঘ) কাজ ছেড়ে দিতে বলব

২৮. শিশু পাচার রোধ সম্পর্কে সচেতন করতে তুমি বিদ্যালয়ে নিচের কোন কাজটি করবে?
(ক) নৃত্যানুষ্ঠান (খ) ভূমিকাভিনয়
(গ) রচনা প্রতিযোগিতা (ঘ) চিত্রাঙ্কন প্রতিযোগিতা

২৯. তোমার দাদির কাছে তুমি কিছু প্রাচীন মুদ্রা দেখতে পেলে। এক্ষেত্রে তুমি কী করবে?
(ক) লুকিয়ে রাখতে বলব (খ) ব্যাংকে রাখতে বলব
(গ) থানায় জমা দিতে বলব (ঘ) আমাকে দিয়ে দিতে বলব

৩০. বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়নের জন্য তুমি কোনটি রপ্তানির পরামর্শ দেবে?
(ক) জনসম্পদ (খ) বনজ সম্পদ (গ) খনিজ সম্পদ (ঘ) মৎস্য সম্পদ

৩১. অধিক জনসংখ্যাকে দক্ষ জনশক্তিতে রূপান্তর করতে আমাদের করণীয় কী?
(ক) বাসস্থান নিশ্চিত করা (খ) খাদ্য সমস্যা সমাধান করা
(গ) স্বাস্থ্য সেবা নিশ্চিত করা (ঘ) শিক্ষা ও প্রশিক্ষণের ব্যবস্থা করা

৩২. তোমার এলাকার কিছু স্বল্প শিক্ষিত যুবক চাকরি পাচ্ছে না। তাদের জনসম্পদে রূপান্তরিত করার জন্য তুমি কী পরামশ দেবে?
(ক) উচ্চশিক্ষা নিতে বলব (খ) কারিগরি প্রশিক্ষণ নিতে বলব
(গ) ভাগ্যের ওপর ভরসা করতে বলব (ঘ) বাবার সাথে কৃষিকাজ করতে বলব

৩৩. দীর্ঘস্থায়ী বন্যার ফলে তোমার এলাকায় বিশুদ্ধ খাবার পানির সংকট মোকাবিলায় তুমি কী করবে?
(ক) পানি ছেঁকে খেতে বলব (খ) পানি জমা রাখতে বলব
(গ) পানি বিশুদ্ধকরণ পদ্ধতি শেখাবো (ঘ) অন্য এলাকা থেকে পানি আনতে বলব

৩৪. টেলিভিশনে ঘূর্ণিঝড়ের পূর্বাভাস শুনতে পেলে তুমি কী করবে?
(ক) বাড়িতে অবস্থান করব (খ) আত্মীয়ের বাড়িতে যাব
(গ) বাঁধের উপর আশ্রয় নেব (ঘ) পার্শ্ববর্তী আশ্রয় কেন্দ্রে যাব

৩৫. ভূমিকম্পের পূর্বপ্রস্তুতিমূলক সভায় ভূমিকম্প চলাকালীন তুমি কী পরামর্শ দেবে?
(ক) দৌড়ে ঘর থেকে বের হতে বলব
(খ) অগ্নিনির্বাপক দলকে খবর দিতে বলব
(গ) শক্ত আসবাবপত্রের নিচে আশ্রয় নিতে বলব
(ঘ) প্রাথমিক চিকিৎসা সামগ্রী কাছে রাখতে বলব

Teachingbd24.com

৩৬. সোনারগাঁও সম্পর্কে সঠিক তথ্য সংগ্রহের জন্য তুমি কী করবে?
(ক) সোনারগাঁও-এর গল্প শুনব (খ) সোনারগাঁও-এর ছবি দেখব
(গ) সোনারগাঁও সম্পর্কিত বই পড়ব (ঘ) লোকশিল্প জাদুঘর পরিদর্শন করব

৩৭. তোমার শ্রেণিতে একটি গারো শিশু তার নিজস্ব ভাষায় (আচিক) কথা বলায় অন্য শিক্ষার্থীরা হাসি-ঠাট্টা করল। এক্ষেত্রে তোমার করণীয় কী?
(ক) তাকে সান্ত্বনা দেব
(খ) সবসময় বাংলা ভাষায় কথা বলতে বলব
(গ) শ্রেণিশিক্ষকের নিকট অভিযোগ করতে বলব
(ঘ) নিজস্ব ভাষায় কথা বলা দোষের নয় এটি সকলকে বোঝাব

৩৮. অটিজমে আক্রান্ত একজন সহপাঠীকে তোমার ক্লাসের শিক্ষার্থীরা প্রায়ই তামাশা করে। এক্ষেত্রে তোমার করণীয় কী?
(ক) প্রতিবাদ করব (খ) শ্রেণিশিক্ষককে বিষয়টি বলব
(গ) প্রতিদিন তাকে আমার পাশে বসাব (ঘ) বিষয়টি ঠিক নয় এটি বন্ধুদেরকে বোঝাব

৩৯. মুক্তিযুদ্ধের সময় তোমার বয়স ২০ বছর হলে তুমি কীভাবে সরাসরি যুদ্ধে অংশ নিতে?
(ক) মুক্তিযোদ্ধাদের আশ্রয় দিয়ে (খ) মুক্তিযোদ্ধাদের খাদ্য দিয়ে
(গ) মুক্তিযোদ্ধাদের অস্ত্র দিয়ে (ঘ) প্রশিক্ষণ নিয়ে যুদ্ধে গিয়ে

৪০. আমাদের দেশের উত্তর-পশ্চিমাঞ্চল প্রায়ই খরার কারণে ক্ষতিগ্রস্ত হয়। খরার প্রবণতা থেকে রক্ষা পেতে তুমি কী পরামর্শ দেবে?
(ক) নদী খনন করতে (খ) পুকুর খনন করতে
(গ) বাঁধ নির্মাণ করতে (ঘ) বৃক্ষরোপণ করতে

৪১. বাংলাদেশে কত বছরের নিচে শিশুশ্রম বেআইনি?
(ক) ১৫ বছর (খ) ১৬ বছর (গ) ১৭ বছর (ঘ) ১৮ বছর

৪২. আমাদের প্রধান অর্থকরী ফসল কোনটি?
(ক) পাট (খ) চা (গ) তামাক (ঘ) তুলা

৪৩. পলাশির যুদ্ধ কবে সংঘটিত হয়েছিল?
(ক) ১৮৫৭ (খ) ১৯৪৭ (গ) ১৯১৪ (ঘ) ১৭৫৭

৪৪. "শহিদ বুদ্ধিজীবী দিবস" কত তারিখে পালন করা হয়?
(ক) ১৩ই ডিসেম্বর (খ) ১৪ই ডিসেম্বর (গ) ১৫ই ডিসেম্বর (ঘ) ১৬ই ডিসেম্বর

৪৫. অর্থনৈতিক উন্নয়নের জন্য নিচের কোন সম্পদটি সবচেয়ে বেশি প্রয়োজন?
(ক) যন্ত্রপাতি শিল্প (খ) অবকাঠামোগত উন্নয়ন
(গ) পোশাক (ঘ) মূলধন

৪৬. স্বাধীনভাবে চলাফেরার অধিকার কোনটি?
(ক) মানব পাচার (খ) যেকোনো স্থানে যেতে পারা
(গ) রপ্তানি (ঘ) আমদানি

৪৭. অটিস্টিক শিশুরা কোন ক্ষেত্রে দক্ষ?
(ক) গণিত (খ) সাঁতার (গ) রান্না (ঘ) দৌড়

৪৮. খাসিদের ভাষার নাম কী?
(ক) আচিক (খ) মনখেমে (গ) ককবরক (ঘ) সাদ্রি

Teachingbd24.com

৪৯. কোন জনগোষ্ঠী তিব্বত থেকে এসেছে?

(ক) গারো (খ) ম্রো (গ) ওঁরাও (ঘ) খাসি

৫০. সার্ক কত সালে গঠিত হয়?

(ক) ১৯৮৩ (খ) ১৯৮৪ (গ) ১৯৮৫ (ঘ) ১৯৮৬

**২। নিচের প্রশ্নগুলোর উত্তর সংক্ষেপে লেখ :** ১ × ১৫ = ১৫

(ক) গাছ না লাগিয়ে শুধু গাছ কাটলে কী ঘটতে পারে?

(খ) জনশক্তি রপ্তানির মাধ্যমে কীভাবে দেশ সমৃদ্ধশালী হচ্ছে?

(গ) পরমতসহিষ্ণুতা প্রয়োজন কেন?

(ঘ) বুদ্ধিজীবীদের হত্যা করা হয়েছিল কেন?

(ঙ) নদীভাঙনের প্রধান কারণ কী?

(চ) বাংলাদেশে কৃষিজমির পরিমাণ কমছে কেন?

(ছ) বাংলায় ইংরেজদের আগমন ঘটে কেন?

(জ) সার্ক-এর সর্বকনিষ্ঠ সদস্যদেশ কোনটি?

(ঝ) আইন অমান্য করলে কী হয়?

(ঞ) জমিদারি প্রথার একটি কুফল লেখ।

(ট) বাংলার শেষ স্বাধীন নবাব কে ছিলেন?

(ঠ) নারী নির্যাতনের একটি কারণ লেখ।

(ড) ম্রো মেয়েদের ঐতিহ্যবাহী পোশাকের নাম কী?

(ঢ) রাস্তা পারাপারের একটি সাধারণ নিয়ম লেখ।

(ণ) সার্ক-এর পূর্ণরূপ কী?

**৩। 'ক' হতে 'জ' পর্যন্ত যেকোনো ছয়টি এবং 'ঝ' ও 'ঞ' হতে যেকোনো একটিসহ মোট সাতটি প্রশ্নের উত্তর লেখ :** ৫ × ৭ = ৩৫

(ক) গণতন্ত্র কী? গণতন্ত্র প্রয়োজন কেন? তোমার বিদ্যালয়ে গণতন্ত্র চর্চার তিনটি উপায় লেখ। ১+১+৩ = ৫

(খ) নাগরিক কারা? নাগরিকরা রাষ্ট্রের প্রতি দায়িত্ব ও কর্তব্য পালন করে কেন? একজন সুনাগরিকের তিনটি গুণাবলি লেখ। ১+১+৩ = ৫

(গ) মানবাধিকার কী? মানবাধিকার রক্ষা করা প্রয়োজন কেন? মানবাধিকার রক্ষার তিনটি উপায় লেখ। ১+১+৩ = ৫

(ঘ) মুক্তিযুদ্ধ কী? মুক্তিযুদ্ধ হয়েছিল কেন? মুক্তিযুদ্ধের তিনটি গুরুত্ব লেখ। ১+১+৩ = ৫

(ঙ) বন্যা কী? বন্যা হয় কেন? বন্যার তিনটি ক্ষতিকর দিক লেখ। ১+১+৩ = ৫

(চ) সোনারগাঁও কোন নদীর তীরে অবস্থিত? প্রাচীন বাংলায় সোনারগাঁওকে রাজধানী করা হয়েছিল কেন? সোনারগাঁও এর ঐতিহ্য রক্ষায় আমাদের তিনটি করণীয় লেখ। ১+১+৩ = ৫

(ছ) জলবায়ু কী? জলবায়ু পরিবর্তন হয় কেন? জলবায়ু পরিবর্তনের তিনটি ফলাফল লেখ। ১+১+৩ = ৫

(জ) মৌলিক চাহিদা কী? মৌলিক চাহিদা পূরণ করা গুরুত্বপূর্ণ কেন? মৌলিক চাহিদার ওপর অধিক জনসংখ্যার তিনটি প্রভাব লেখ। ১+১+৩ = ৫

(ঝ) সমাজের প্রতি আমাদের পাঁচটি দায়িত্ব ও কর্তব্য লেখ। ৫

(ঞ) জাতিসংঘ কী? জাতিসংঘের চারটি উন্নয়নমূলক সংস্থার নাম লেখ। ১+৪ = ৫

Teachingbd24.com